**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 07.02.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 P.M** **Compiling & NR : NBR**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ–

১/ নদীয়ার কল্যাণী থানার রথতলায় আজ এক বাজি কারখানায় ভয়াবহ বিষ্ফোরণে তিনজন মহিলা সহ চারজনের মৃত্যু হয়েছে। গুরুতর আহত অবস্থায় এক মহিলাকে কল্যাণী জওহরলাল নেহেরু হাসপাতালে ভর্তি করা হয়েছে। # এই ঘটনায় রাজ্য সরকার রিপোর্ট তলব করেছে।

২/ R G Kar মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী PGT চিকিৎসককে ধর্ষণ ও খুনে দোষী সাব্যস্ত সঞ্জয় রায়ের ফাঁসি চেয়ে রাজ্য সরকারের আবেদন কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে। যদিও, তারা কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার CBI–এর আবেদন 'গ্রহণযোগ্য' বলে জানিয়েছে।

৩/ আগামী সোমবার থেকে শুরু হতে চলা এবছরের মাধ্যমিক পরীক্ষায় বসছে প্রায় ১০ লক্ষ পরীক্ষার্থী। # প্রধানমন্ত্রী ১০ 'ই ফেব্রুয়ারী 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে মতবিনিময় করবেন।

৪/ রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আগামী সোমবার শুরু হচ্ছে।
# ভগবানগোলার বিধায়ক রেয়াত হোসেন সরকার এবং বরাহনগরের বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়ের শপথ গ্রহণ নিয়ে আইনি জটিলতা এখনও অব্যাহত।

৫/ নদী ও জলাভূমি সংলগ্ন এলাকাতে বাড়ি বা ফ্ল্যাট তৈরীর আগে মৎসদপ্তরের আগাম অনুমতি নেওয়া বাধ্যতামূলক করা হচ্ছে।

৬/ ISL ফুটবলে আগামীকাল ইস্টবেঙ্গল, চেন্নাইয়ান FC-র বিরুদ্ধে এবং মহামেডান স্পোর্টিং হায়দ্রাবাদ FC-র বিরুদ্ধে খেলবে।

*******************************************************************

নদীয়ার কল্যাণী থানার রথতলায় আজ এক বাজি কারখানায় ভয়াবহ বিস্ফোরণে তিনজন মহিলা সহ চারজনের মৃত্যু হয়েছে। গুরুতর আহত অবস্থায় এক মহিলাকে কল্যাণী জওহরলাল নেহেরু হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিস্ফোরণের তীব্রতায় কারখানাটি পুরোপুরি ধসে গেছে। ধ্বংসস্তুপের তলায় কেউ চাপা পড়ে আছে কিনা, তার সন্ধানে চলছে অভিযান। ফলে মৃতের সংখ্যা আরো বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

জানা গেছে, আতশবাজি তৈরীর সময় শর্টসার্কিট থেকে কোনোভাবে আগুন লেগে যাওয়ায় এই বিস্ফোরণ। দমকল কর্মী এবং পুলিশ গিয়ে ছড়িয়ে থাকা ঝলসানো দেহগুলি উদ্ধার করে। এলাকা অত্যন্ত ঘিঞ্জি থাকায় আগুন নেভাতে দমকলকে বেগ পেতে হয়। ঘন্টা দুয়েক বাদে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আসে। নদীয়ার ডিভিশনাল ফায়ার অফিসার সুব্রত গুহ আজ ঘটনাস্থল পরিদর্শন করেছেন। তিনি জানান, এই বাজি কারখানার কোন বৈধ লাইসেন্স ছিল না। কারখানার মালিককে পুলিশ আটক করেছে।

এদিকে, এই ঘটনায় রাজ্য সরকার রিপোর্ট তলব করেছে। কীভাবে এতবড় বিস্ফোরণ ঘটল, রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার তা’ জেলা প্রশাসনের কাছে জানতে চেয়েছেন। কোথায় বাজি বিক্রি, উৎপাদন ও মজুত করা হচ্ছে, তার পাশাপাশি পরিবেশ বান্ধব বাজি তৈরীর জন্য প্রশিক্ষণের কাজ কত দূর এগিয়েছে, তা’ জানতে চেয়ে সব জেলাশাসদের রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

*******************

এই ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর। তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেছেন, একটা ঘটনা ঘটেছে। পরিস্থিতি সামাল দিতে পুলিশ প্রশাসন তৎপর।

( বাইট- কুণাল )

এদিকে, বেআইনি বাজি কারখানা বন্ধ করতে অনিচ্ছুক মুখ্যমন্ত্রী গোটা রাজ্যকে মৃত্যুপুরীতে পরিণত করেছেন বলে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন। উত্তর ২৪ পরগনার বারাসাতে আজ দলের জেলা সম্মেলনে এব্যাপারে সাংবাদিকদের তিনি বলেন, এই রাজ্যে সাধারণ মানুষের কোনো নিরাপত্তা নেই।

কোন্‌টা বাজি কোন্‌টা বোমা তা' বোঝা যাচ্ছেনা।

( বাইট- সেলিম )

*******************

কলকাতার R G Kar মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী PGT চিকিৎসককে ধর্ষণ ও খুনে দোষী সাব্যস্ত সঞ্জয় রায়ের ফাঁসি চেয়ে রাজ্য সরকারের আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহম্মদ শব্বর রসিদির ডিভিশন বেঞ্চ, নিম্ন আদালতে সঞ্জয়ের আমৃত্যু কারাবাসের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে দাখিল করা রাজ্য সরকারের ওই আবেদন নামঞ্জুর করলেও, একই দাবিতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা CBI–এর আবেদন 'গ্রহণযোগ্য' বলে জানিয়েছে।

এদিকে, কলকাতা হাইকোর্টের আজকের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে নির্যাতিতার পরিবার। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে নির্যাতিতার বাবা-মা অভিযোগ করেন, সরকার দোষীদের খুঁজে বের করতে সক্রিয় হলে তাদের অপেক্ষা করতে হত না।

( বাইট- নির্যাতিতার বাবা )

*******************

আগামী সোমবার ১০'ই ফেব্রুয়ারী থেকে রাজ্যে শুরু হতে চলা এই বছরের মাধ্যমিক পরীক্ষায় দুই হাজার ৬৮৩টি কেন্দ্রে মোট ৯ লক্ষ ৮৪ হাজার ৭৫৩ জন বসছে। এর মধ্যে ৫ লক্ষ ৫৫ হাজার ৯৫০ জন ছাত্রী। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, প্রশ্ন ফাঁস ও টোকাটুকি রুখতে বেশ কিছু জেলায় বিশেষ নজর দেওয়া হবে। টয়লেটেও চলবে আলাদা করে নজরদারি।

এদিকে, এখনো পর্যন্ত অ্যাডমিট কার্ড না পাওয়া পরীক্ষার্থীদের সমস্যার সমাধানে কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে আজ দুপুর ২টো পর্যন্ত পর্ষদের পোর্টালে ১৮১ জন পরীক্ষার্থী নতুন করে নাম নথিভুক্ত করেছেন। ১৩৬টি স্কুল সঠিকভাবে কাজ না করায় এই পরীক্ষার্থীরা সমস্যায় পড়ে। আজকের পর স্কুলগুলি আগামীকাল'ও ছাত্র-ছাত্রীদের অ্যাডমিট কার্ড পর্ষদের অফিস থেকে সংগ্রহ করতে পারবে। রবিবারের মধ্যে অ্যাডমিট কার্ড পরীক্ষার্থীদের বাড়িতে পৌঁছে দেওয়া হবে।

*******************

উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ, পড়ুয়া, অভিভাবক ও বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা সহ বিভিন্ন পক্ষের আবেদনের ভিত্তিতে আরও দু'দিন অনলাইন পোর্টাল চালু রাখার সিদ্ধান্ত নিয়েছে। চলতি বছরে যে সমস্ত উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী এখনো নাম নথিভুক্ত করেনি তাদের সুবিধার্থে আগামী ১২ ও ১৩ তারিখ অফিসিয়াল পোর্টাল চালু থাকবে। নির্দিষ্ট জরিমানা দিয়ে নাম নথিভুক্ত করা যাবে।

*******************

প্রধানমন্ত্রী, আসন্ন 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করবেন। আগামী ১০ই ফেব্রুয়ারী সোমবার সকাল ১১ টা থেকে গীতাঞ্জলী, সঞ্চয়িতা এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে একযোগে এই অনুষ্ঠান শোনা যাবে। অনুষ্ঠানটির বাংলা অনুবাদ প্রচারিত হবে ঐ দিনই রাত সাড়ে ৯ টায় আকাশবানী কলকাতার গীতাঞ্জলী এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে। কলকাতা থেকে প্রচারিত এই অনুষ্ঠান, বিভিন্ন রিলে কেন্দ্র থেকে সম্প্রচার করা হবে।

*******************

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আগামী সোমবার শুরু হচ্ছে। তার আগে আজ প্রথামফিক সর্বদল বৈঠক ডাকেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। তিনি জানান, রাজ্যপাল সি ভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে আগামী ১০ই ফেব্রুয়ারি সোমবার রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে।

( বাইট- অধ্যক্ষ বিমান )

*******************

ভগবানগোলার বিধায়ক রেয়াত হোসেন সরকার এবং বরাহনগরের বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়ের শপথ গ্রহণ নিয়ে আইনি জটিলতা এখনও অব্যাহত। তাঁদের শপথ গ্রহণের বৈধতা নিয়ে প্রশ্ন তুলে ফের রাজভবনের তরফে তাদের নোটিস পাঠানো হয়েছে। দুই বিধায়ক জানিয়েছেন, আইনি নোটিসের জবাব তাঁরা আইনি পথেই দেবেন।

উল্লেখ্য, গত বছরের জুন মাসে ভগবানগোলা ও বরাহনগরে উপনির্বাচনে জয়ী হন রেয়াত ও সায়ন্তিকা। সেই সময় থেকেই শপথ গ্রহণ নিয়ে জটিলতার সৃষ্টি হয়। রাজভবনের বদলে বিধানসভায় শপথ নেয়ার দাবীতে দুই বিধায়ক ধর্নাতেও বসেন। পরে রাজ্যপালের অনুপস্থিতিতে বিধানসভার অধ্যক্ষ্য তাঁদের শপথবাক্য পাঠ করান। ওই শপথগ্রহণের আইনি বৈধতা নিয়ে প্রশ্ন তুলে আদালতে মামলা হয়েছে।

*******************

টালিগঞ্জে শুটিংকে কেন্দ্র করে তৈরি হওয়া জটিলতা নিরসনে 'ফেডারেশন অফসিনে টেকনিশিয়ানস এন্ড ওয়ারকারস অফ ইস্টার্ন ইন্ডিয়া', রাজ্য সরকারের সঙ্গে আলোচনায় বসেছে। সংগঠনের যুগ্ম সম্পাদক সুজিত কুমার হাজরা আকাশবাণীকে বলেন, তাঁরা চান যত শীঘ্র সম্ভব অচলাবস্থা কাটুক।

উল্লেখ্য, পরিচালক শ্রীজিৎ রায় সমাজমাধ্যমে জানান, কলাকুশলীদেরসঙ্গে দুর্ব্যবহারের অভিযোগ তুলে চলতি সপ্তাহে দাসানী স্টুডিওতে তাঁর নতুন সিরিয়ালের সেট তৈরির কাজ বন্ধ করে দেওয়া হয়। অন্যদিকে, ধারাবাহিকভাবে তারা কাজের জায়গায় অপমানিত হচ্ছেন বলে পরিচালকদের সংগঠন জানিয়েছে।

*******************

নদী ও জলাভূমি সংলগ্ন এলাকাতে বাড়ি বা ফ্ল্যাট তৈরির আগে মৎস্য দফতরের আগাম অনুমতি নেওয়া বাধ্যতামূলক করা হচ্ছে। তাদের নো-অবজেকশন সার্টিফিকেট নেওয়ার পরেই বাড়ি তৈরির অনুমোদন মিলবে। এতদিন শুধুমাত্র জলাভূমির ওপর বাড়ি নির্মাণের ক্ষেত্রেই এই নির্দেশ বলবৎ ছিল। এখন তাতে যোগ হল সংলগ্ন এলাকাও। আইন অনুযায়ী জলা জমিকে বাস্তুতে পরিবর্তন করা যায় না। কিন্তু অনেক ক্ষেত্রে এই নিয়ম মানা হচ্ছে না বলে অভিযোগ।

*******************

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দক্ষিণ শাখায় বাশুলডাঙা স্টেশনে ফুট ওভারব্রিজ সংক্রান্ত কাজের জন্য আগামীকাল রাত ১০ টা ১৫ মিনিট থেকে পরদিন রবিবার সকাল ৮ টা পর্যন্ত মোট পৌনে ১০ ঘন্টা ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এর জেরে আগামীকাল শিয়ালদা-ডায়মন্ড হারবারের মধ্যে ওই সময়কালে আপ ও ডাউনে পাঁচটি

করে ট্রেন বাতিল থাকছে। ডায়মন্ড হারবারর থেকে সোনারপুর এবং বারুইপুর- এই দুটি লাইনে একটি করে ট্রেন বাতিল থাকছে।
কিছু ট্রেনের যাত্রাপথ'ও সংক্ষিপ্ত করা হয়েছে।

*******************

বাংলার দুই ক্লাব ইস্টবেঙ্গল ও মহামেডান স্পোর্টিং আগামীকাল একই দিনে আইএসএল ফুটবলে মাঠে নামছে। ইস্টবেঙ্গল, চেন্নাইয়িন এফসির বিরুদ্ধে খেলবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

এর আগে বিকেলে মহামেডান স্পোর্টিং হায়দ্রাবাদ এফসির বিরুদ্ধে খেলবে। হায়দ্রাবাদের গাছিবউলি স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

****************************************************************